# জুলাই স্মৃতি জাদুঘরের টিকিট মিলবে অনলাইনে, কত টাকা লাগবে




ছবি: সংগৃহীত

জুলাই গণঅভ্যুত্থানের স্মৃতি সংরক্ষণে প্রতিষ্ঠিত জুলাই স্মৃতি জাদুঘর আগামী ৬ আগস্ট থেকে সাধারণ দর্শনার্থীদের জন্য উন্মুক্ত করা হচ্ছে। জাদুঘর পরিদর্শনে আগ্রহীদের নির্ধারিত অনলাইন প্ল্যাটফর্ম থেকে আগেই টিকিট সংগ্রহ করতে হবে।

এর আগে ৫ আগস্ট সকাল ৯টায় প্রধানমন্ত্রী তারেক রহমান জাদুঘরটির আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। উদ্বোধনের প্রথম দিনে শুধুমাত্র জুলাই গণঅভ্যুত্থানে শহীদ ও আহতদের পরিবারের সদস্যদের প্রবেশের সুযোগ রাখা হয়েছে।

প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার উপদেষ্টা ডা. জাহেদ উর রহমান জানিয়েছেন, প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত জাদুঘরটি খোলা থাকবে। প্রবেশমূল্য নির্ধারণ করা হয়েছে প্রাপ্তবয়স্কদের জন্য ৫০ টাকা এবং শিশুদের জন্য ২৫ টাকা।

২০২৪ সালের ছাত্র-জনতার অভ্যুত্থানের পর সাবেক প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনকে স্মৃতি জাদুঘরে রূপান্তরের উদ্যোগ নেওয়া হয়। সেখানে জুলাই আন্দোলনের বিভিন্ন গুরুত্বপূর্ণ আলোকচিত্র, দলিল, স্মারক, প্রত্যক্ষদর্শীদের সাক্ষ্য এবং বিগত ১৭ বছরের বিভিন্ন ঘটনার তথ্য সংরক্ষণ করা হয়েছে। দর্শনার্থীদের জন্য গাইডেড ট্যুরের পাশাপাশি ডিজিটাল টিকিট ব্যবস্থাও চালু করা হয়েছে।

রাজধানীর শেরেবাংলা নগরে প্রায় ১৭ দশমিক ৬৮ একর জায়গাজুড়ে অবস্থিত গণভবনের দায়িত্ব ২০২৪ সালের ৬ আগস্ট বাংলাদেশ সেনাবাহিনীর কাছে হস্তান্তর করা হয়। পরে ৫ সেপ্টেম্বর এটিকে জাদুঘরে রূপ দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয় এবং একই বছরের ২৪ ডিসেম্বর প্রকল্পটির নীতিগত অনুমোদন দেয় উপদেষ্টা পরিষদ। প্রকল্পটির জন্য ১২৩ কোটি ৪৫ লাখ টাকা বরাদ্দ থাকলেও ব্যয় হয়েছে ১১০ কোটি ৯২ লাখ টাকা। অব্যয়িত ১২ কোটি ৫৩ লাখ টাকা সরকারি কোষাগারে জমা দেওয়া হয়েছে।